

রাজশাহী কলেজ, রাজশাহী  
স্থাপিতঃ ১৮৭৩ খ্রি.

তারিখ: ১৯/১১/২০২৫ খ্রি.

রাজশাহী কলেজ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি বিষয়ক সিদ্ধান্তসমূহ

সার্থশত বছরের প্রাচীন রাজশাহী কলেজ শুধু একটি শিক্ষা প্রতিষ্ঠান নয়, এদেশে শিক্ষা বিস্তারের এক গৌরবোজ্জ্বল আলোকবর্তিকা। ১৮৭৩ খ্রিস্টাব্দে প্রতিষ্ঠিত হওয়ার পর উপমহাদেশে উচ্চতর শিক্ষা বিস্তারে এই কলেজ এক স্বর্ণালি ইতিহাসের ভিত্তি নির্মাণ করেছে। সফলতার সুদীর্ঘ পথপরিক্রমায় শুরু থেকে উচ্চশিক্ষা বিস্তারের পাশাপাশি উচ্চমাধ্যমিক শ্রেণিতেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে কলেজটি। বাংলাদেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে এই কলেজটির রয়েছে দেশজুড়ে সুনাম। এই কলেজে একাডেমিক পড়াশোনার পাশাপাশি শিক্ষার্থীদের যোগ্য ও দক্ষ করে গড়ে তোলার জন্য রয়েছে সহপাঠ্যক্রমিক বহুবিধ কার্যক্রম। এই শিক্ষা প্রতিষ্ঠানে মানসম্মত শিক্ষাদানের পাশাপাশি সুষ্ঠু একাডেমিক পরিবেশ বজায় রাখতে কলেজ প্রশাসন সবসময়ই সচেষ্ট থাকে।

আগস্ট বিপ্লবের সময় সাধারণ শিক্ষার্থীদের দাবীর প্রেক্ষিতে রাজশাহী কলেজ ক্যাম্পাসে ছাত্র রাজনীতি সাময়িকভাবে স্থগিত ছিল। সম্প্রতি পরিস্থিতি বিবেচনায় কলেজ শিক্ষক পরিষদ ও একাডেমিক কাউন্সিলের ১৮/১১/২০২৫খ্রি. তারিখের সভায় পর্যালোচনাপূর্বক সীমিত পরিসরে ক্যাম্পাসে ছাত্র সংগঠনের কর্মকাণ্ড চালানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

১. প্রত্যেক ছাত্র সংগঠনের নেতাকর্মীদের সর্বান্তে ঐতিহ্যবাহী ও দেশসেরা রাজশাহী কলেজের মর্যাদা সমুন্নত রাখতে এবং একাডেমিক পড়াশোনার স্বার্থকে অগ্রাধিকার দিয়ে তাদের সাংগঠনিক কর্মকাণ্ড পরিচালনা করতে হবে।
২. কলেজের উচ্চমাধ্যমিক শ্রেণির শিক্ষার্থী ও হোস্টেলসমূহে সাংগঠনিক কার্যক্রম বন্ধ থাকবে।
৩. কলেজের যেকোনো ভবনের দেয়ালে এবং কলেজ বাউন্ডারির বাইরে বা ভেতরে কোনো ধরনের ওয়াল রাইটিং ও পোস্টারিং করা যাবে না।
৪. ক্যাম্পাসের অভ্যন্তরে রাজনৈতিক প্রচারণা সম্বলিত ব্যানার ফেস্টুন টাঙানো যাবে না।
৫. ছাত্র রাজনীতির অংশ হিসেবে ক্যাম্পাসে একটি ছাত্র সংগঠন সত্ত্বেও শুধুমাত্র ০১ (এক) দিন মিছিল করতে পারবে। মিছিল পরিচালনা করার সময় হবে সকাল ১১:০০ টা থেকে ১১:৩০ টা পর্যন্ত। মিছিল চলাকালীন

কোনধরনের বিদ্বেষমূলক স্লোগান দেয়া যাবে না ও উচ্ছৃঙ্খল আচরণ করা যাবে না। কোনক্রমেই কলেজের যেকোনো ভবনের বারান্দায় মিছিল নিয়ে প্রবেশ করা যাবে না।


৬. ক্যাম্পাসের অভ্যন্তরে কোনো ছাত্র কল্যাণমূলক কোনো কর্মসূচি পালনের ক্ষেত্রে প্রত্যেক ছাত্র সংগঠনকে কলেজ প্রশাসনের লিখিত অনুমিত নিতে হবে। সংশ্লিষ্ট অনুষ্ঠান সম্পর্কিত প্রচারণা ফেস্টুন অনুষ্ঠানের ০২ (দুই) কার্যদিবস পূর্বে প্রদর্শন করা যাবে।

৭. অনুষ্ঠান শেষে সংশ্লিষ্ট ছাত্র সংগঠন তাদের ব্যানার ফেস্টুন নিজ দায়িত্বে অপসারণ করবে। তা না করলে কলেজ প্রশাসন সেগুলো অপসারণ করতে পারবে।

৮. কোনো ছাত্র সংগঠন তাদের মিছিলে কোনো শিক্ষার্থীকে যোগদান করতে বাধ্য করতে পারবে না। ক্যাম্পাসের অভ্যন্তরে আয়োজিত মিছিলে বহিরাগতদের অংশগ্রহণ করানো যাবে না।

৯. ক্লাস চলাকালীন কোন ছাত্র সংগঠন ক্লাস রুমে প্রবেশ করে তাদের রাজনৈতিক প্রচারণা চালাতে পারবে না।

১০. কলেজ ক্যাম্পাসে উল্লিখিত নীতিমালাসমূহ লংঘিত হলে বা কলেজের একাডেমিক কার্যক্রম বিঘ্নিত হয় এমন কর্মকাণ্ড সংঘটিত হলে কলেজ কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত পরিবর্তন, পরিমার্জন বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে।

  
২০/১১/২০২৫  
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী